দৈনিক বাংলা

তারিখ ... ১৫.২.৮২ ... ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ১ ... ...

## সহস্রাধিক স্কুলে বৈজ্ঞানিক সরঞ্জাম বিতরণ করা হবে : শিক্ষামন্ত্রী

কুমিল্লা, ১২ই ফেব্রুয়ারী (বাসস)।—শিক্ষা ও ধর্ম বিষয়ক মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বলেন যে সরকার ১৩ই ফেব্রুয়ারী থেকে সারা দেশে এক হাজার ৪০টি বিদ্যালয়ে বৈজ্ঞানিক যন্ত্রপাতি বিতরণ শুরু করবেন।

মন্ত্রী আজ এখানে কালেক্টরেট ভবনে জেলার বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন যে প্রাথমিক বিদ্যালয়গুলোকে শিক্ষা সাহায্য দেয়ার জন্য ইতিমধ্যেই দেশের দু' থানার প্রাথমিক বিদ্যালয়গুলোর জরীপ সম্পন্ন করা হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য বিদ্যালয়ের জরীপ সমাপ্ত হওয়ার পর দেশের সকল প্রাথমিক বিদ্যালয় উন্নয়নের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

ডঃ খান বলেন যে দেশে একটি অভিন্ন অনুরূপ শিক্ষাব্যবস্থা প্রবর্তনই বর্তমান সরকারের লক্ষ্য। তবে এর প্রয়োজনীয় প্রস্তুতি নিতে সময় লাগবে।

বাজারে বইয়ের দুষ্প্রাপ্যতা সম্পর্কে মন্ত্রী বলেন যে বাজারে ইতিমধ্যেই ২০ লাখ কপি বই ছাড়া হয়েছে। প্রয়োজন হলে আরো বই ছাপা হবে।

প্রাথমিক পর্যায়ের সিলেবাস সম্পর্কে তিনি বলেন যে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষা জীবনের বাস্তবতা ভিত্তিক করতে সর্বত্র অভিন্ন সিলেবাস থাকতে হবে। এব্যাপারে চিন্তাভাবনা করা হচ্ছে ও সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামতের প্রয়োজন রয়েছে।

028